আমাদের সময়

তারিখ ... 04 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

শিক্ষামন্ত্রীর হুশিয়ারি

# সাত দিনের মধ্যে অতিরিক্ত ফি ফেরত না দিলে ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে অতিরিক্ত ভর্তি ফি, সেশন, টিউশন ফি ও এসএসসির ফরম পূরণে নেওয়া বাড়তি ফি ৭ দিনের মধ্যে ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এ সময়ের মধ্যে টাকা ফেরত দিতে ব্যর্থ হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সচিবালয়ে বুধবার নিজ দপ্তরে প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী।

অতিরিক্ত ফি নেওয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উদ্দেশে শিক্ষামন্ত্রী বলেন, এসএসসি পরীক্ষার ফরম পূরণে যারা অতিরিক্ত ফি নিয়েছেন, যারা এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## সাত দিনের মধ্যে

(৩ এর পৃষ্ঠার পর) ভর্তি নীতিমালা লঙ্ঘন করে অতিরিক্ত অর্থ নিয়েছেন তারা আগামী সাত দিনের মধ্যে সেই টাকা ফেরত দিয়ে বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে (মাউশি) অবহিত করবেন। যেন আমরা জানতে পারি। সেসব প্রতিষ্ঠান আর অভিযুক্তের তালিকায় থাকবে না। সাত কর্মদিবস আজ বৃহস্পতিবার থেকে শুরু হবে বলেও জানান নাহিদ।

তিনি বলেন, প্রতিষ্ঠানের সম্মান ও মর্যাদা আছে। কর্তৃপক্ষ যদি সাত দিনের মধ্যে টাকা দিয়ে দেন তবে বোঝা যাবে তারা আইনের প্রতি শ্রদ্ধাশীল। তবে আর তারা অসম্মানিত হবেন না।

গত ৬ জানুয়ারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এসএসসি পরীক্ষার ফরম পূরণে শিক্ষা বোর্ড নির্ধারিত ফির বাইরে নেওয়া অতিরিক্ত অর্থ ২০ জানুয়ারির মধ্যে ফেরত দিতে বলেছেন হাইকোর্ট। অন্যথায় শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি বাতিল হবে। কমিটির এ সদস্যরা তিন বছরের জন্য নির্বাচনে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।